

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
ওয়েব সাইট : www. techedu.gov.bd  
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪০৯.১৭.৪৪০

তারিখ : ২/০৩/২০১৭ খ্রি:

বিষয় : মতামত/ব্যাখ্যা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : নওগাঁ টেকনিক্যাল স্কুল ও কলেজ স্মারক নং-টিএসসি/নওগাঁ/পি.এফ-১৯৪/১০৮, তারিখ : ১২/০২/২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, নওগাঁ টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর(ফার্মেশিনারী) জনাব মোঃ নাছিরুল ইসলাম ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষে বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন (ইন-সার্ভিস) কোর্সে অধ্যয়নরত এর দ্বিতীয় শিফট এর সম্মানি প্রদানের অনুমোদনসহ বরাদ্দ প্রদান সংক্রান্ত একখানা প্রস্তাব পাওয়া গেছে। কারিগরি শিক্ষা অধিদপ্তর স্মারক নং-টিএসসি/প্রকল্প/২০০৪/১৫০১/অংশ-৩/১৯৯, তারিখ : ০৯/০২/২০১৬ খ্রি: মূলে অনুমতি প্রদান সাপেক্ষে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষে বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন(ইন-সার্ভিস) কোর্সে অধ্যয়নের নিমিত্ত ছাড়পত্র প্রদান করা হয়। ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট স্মারক নং-শ(১)০৪/২২১/৮, তারিখ: ০৯/০২/২০১৭ খ্রি: মূলে তাকে ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটে দ্বিতীয় শিফটের কার্যক্রমে নিয়োগ প্রদান করা হয় এবং স্ব-প্রতিষ্ঠান হতে দ্বিতীয় শিফটের ভাতা উত্তোলন করবেন মর্মে পত্রে উল্লেখ করেন। তিনি কিভাবে উচ্চ শিক্ষারত অবস্থায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অন্যত্র দ্বিতীয় শিফটের কাজে নিয়োজিত হয়েছেন এবং উক্ত দ্বিতীয় শিফটের কাজের জন্য সম্মানী ভাতা দাবী করেছেন, এ বিষয়ে ব্যাখ্যা প্রয়োজন।

২। এমতাবস্থায়, নওগাঁ টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষকে পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জনাব মোঃ নাছিরুল ইসলাম এর কাছ থেকে ব্যাখ্যা গ্রহণপূর্বক লিখিতভাবে মতামত অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ

নওগাঁ টেকনিক্যাল স্কুল ও কলেজ

নওগাঁ।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট, তেজগাঁও, ঢাকা। (তাকে উক্ত বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নওগাঁ।